কালের কণ্ঠ

তারিখ ... 22 OCT 2015 ...
পৃষ্ঠা ... ১৯ ... কলাম ... ৪ ...

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# সিট দখল নিয়ে শিক্ষার্থীকে পেটাল ছাত্রলীগ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) মীর মশাররফ হোসেন হলে সিট দখলকে কেন্দ্র করে হলের ছাত্রলীগ নেতাকর্মীরা আব্দুল্লাহ আল মামুন (লোকপ্রশাসন, ৩৮তম আবর্তন) নামের এক শিক্ষার্থীকে পিটিয়ে আহত করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। গত মঙ্গলবার রাতে ওই হলের ২৬০ নম্বর কক্ষে এ ঘটনা ঘটে। এর প্রতিবাদে সাধারণ শিক্ষার্থীরা গতকাল বুধবার বিকেলে উপাচার্য ড. ফারজানা ইসলাম বরাবর একটি স্মারকলিপি দিয়েছে। আহত মামুনও ছাত্রলীগকর্মী। তিনি জাবি শাখা ছাত্রলীগের সভাপতি মাহমুদুর রহমান জনির অনুসারী হিসেবে পরিচিত। আর হামলাকারীরা সম্পাদক রাজীব আহমেদের অনুসারী বলে জানা গেছে।

জানা যায়, জাবি শাখা ছাত্রলীগের তথ্য গবেষণা উপসম্পাদক আব্দুর রহিম জুয়েল ও ছাত্রলীগকর্মী রবিউল ইসলাম নেতৃত্বে হাসান, দেবাশীষ, সৌম্য রাত ১২টার দিকে মামুনের কক্ষে যায় এবং তাঁকে হল ছাড়ার নির্দেশ দেয়। বাগ্‌বিতণ্ডার একপর্যায়ে তারা রড, স্ট্যাম্প ও লোহার পাইপ দিয়ে মামুনকে পেটায়। এ ব্যাপারে প্রক্টর অধ্যাপক তপন কুমার সাহা বলেন, অভিযোগের ভিত্তিতে ব্যবস্থা নেওয়া হবে।